**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/24/2021 **গভর্নর ক্যাথি হোকল**

**ক্রেডিট ইউনিয়নগুলোকে এক্সেলসিয়র লিঙ্কড ডিপোজিট প্রোগ্রামে (EXCELSIOR LINKED DEPOSIT PROGRAM) অংশগ্রহণ করার অনুমোদন দিয়ে গভর্নর হোকলের আইন স্বাক্ষর**

***আইনটি (S.191/A.5459) ঋণগ্রহীতাদের ঋণের উপর হ্রাসকৃত হারে সুদ প্রদানের সুযোগ দিয়ে সাহায্য করার উদ্দেশ্যে ক্রেডিট ইউনিয়নগুলোকে এক্সেলসিয়র লিঙ্কড ডিপোজিট প্রোগ্রামে অংশগ্রহণ করার অনুমোদন দেয়***

গভর্নর ক্যাথি হোকল আজ ক্রেডিট ইউনিয়নগুলোকে এক্সেলসিয়র লিঙ্কড ডিপোজিট প্রোগ্রামে অংশগ্রহণ করার অনুমতি প্রদানকারী আইনে (S.191/A.5459) স্বাক্ষর করেছেন। গত 35 বছরে নিউ ইয়র্কের উৎপাদনমুখী অর্থনীতি থেকে পরিষেবামুখী অর্থনীতিতে সরে আসার ফলে, স্টেটের সবচেয়ে বড় কোম্পানিগুলোর কিছু সংখ্যক আকারে হ্রাস পেয়েছে, যা বহু মানুষকে আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করে নিতে বাধ্য করেছে। ক্রেডিট ইউনিয়নগুলো ব্যবসায়িক ঋণ প্রদানের মাধ্যমে তাদের সদস্য ও কমিউনিটিগুলোর চাহিদা পূরণের জন্য সাড়া দিয়েছে।

"ক্ষুদ্র ব্যবসাগুলো দীর্ঘ সময় ধরে আমাদের অর্থনীতির মেরুদণ্ড হিসেবে ভূমিকা রেখে আসছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই আইন মেইন স্ট্রিট ব্যবসাগুলোর উন্নতিসাধন এবং নিউ ইয়র্কবাসীদের নজিরবিহীন শিল্পোদ্যোগের উদ্দীপনা লালনের জন্য আমাদের অঙ্গীকারের আরো একটি নিদর্শন।"

লিঙ্কড ডিপোজিট প্রোগ্রামের অংশগ্রহণকারীদের গ্রহণ করা ঋণের সমপরিমাণ অর্থের একটি ডিপোজিট নিউ ইয়র্ক স্টেট জমা করে এবং সেই ডিপোজিটের উপর অপেক্ষাকৃত কম সুদ উপার্জন করে, যা ঋণদাতাকে সুদের হারের সাশ্রয়টুকু ঋণগ্রহীতার কাছে স্থানান্তর করার সুযোগ করে দেয়। লিঙ্কড ডিপোজিট সহায়তার চার-বছর মেয়াদ শেষে ক্রেডিট ইউনিয়নগুলো ডিপোজিটটি নিউ ইয়র্ক স্টেটকে ফেরত দেয়।

স্টেটের অর্থনৈতিক ও কর্মসংস্থান সংক্রান্ত ভাগ্য ক্ষুদ্র ব্যবসাগুলোর সাফল্যের ওপর নির্ভরশীল হওয়ায়, এটি ক্রমশ স্পষ্ট হয়ে উঠছে যে ক্ষুদ্র ব্যবসাগুলোর অবশ্যই আরো বিস্তৃত পরিসরের ঋণদাতাদের মাধ্যমে মূলধনের বৃহত্তর অ্যাক্সেস পেতে হবে। তাদের সূচনালগ্ন থেকেই, ক্রেডিট ইউনিয়নগুলো বাণিজ্যিক ব্যাংকগুলোর সেবা থেকে বঞ্চিত হয়ে আসা সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে সেবা দেয়ার ক্ষেত্রে তৈরি হওয়া গুরুত্বপূর্ণ ফাঁকা জায়গাটুকু পূরণ করে

আসছে। স্টেটজুড়ে 700 এরও বেশি ক্রেডিট ইউনিয়ন 3.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর আর্থিক চাহিদা পূরণে একটি অবিচ্ছেদ্য ভূমিকা পালন করে থাকে। ক্রেডিট ইউনিয়নগুলো অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের অলাভজনক বিকল্প হিসেবে মূলত এই কারণে তৈরি করা হয়েছিল যে, শ্রমজীবী মানুষদের ELDP-র মাধ্যমে ব্যবসায়িক সেবা দিতে অস্বীকৃতি জানানো হচ্ছিল যা ক্রেডিট ইউনিয়নের মিশনের একটি স্বাভাবিক ব্যাপ্তির মধ্যেই পড়ে।

"অনেক দীর্ঘ সময় ধরে NYS-এর বহু জায়গায় কোনো ব্যাংকিং সেবা ছিল না, যেখানে সমৃদ্ধিতে সাহায্য করার জন্যে যথাযথ দৃষ্টি দেয়ার ব্যাপক চাহিদা ছিল," **বলেছেন সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র।** "এই বিলে স্বাক্ষর করার মাধ্যমে, ব্যাংকিং সেবা থেকে বঞ্চিত মানুষদের সাহায্যার্থে ক্রেডিট ইউনিয়নগুলোর ক্ষমতাকে গভর্নর কাজে লাগাচ্ছেন। যোগ্য কিন্তু ব্যাংকিং সেবা থেকে বঞ্চিত কমিউনিটিগুলোকে সহায়তাকারী এই বিলটি স্বাক্ষর করায় গভর্নর হোকলকে ধন্যবাদ।"

"এই গুরুত্বপূর্ণ আইনটির প্রয়োজনীয়তা উপলব্ধি করায় আমি আমার সহকর্মী ও সিনেট পৃষ্ঠপোষক, সিনেটর স্যান্ডার্সকে ধন্যবাদ জানাতে চাই," **বলেছেন অ্যাসেম্বলি সদস্য টাইলর ডার্লিং।** "প্রথাগত ব্যাংকিং প্রতিষ্ঠানগুলোতে সমতার ক্ষেত্রে এখনো অনেক ব্যবধান রয়ে গেছে, বিশেষ করে ব্যক্তি পর্যায়ে ব্যবসায়িক ঋণ গ্রহণের ক্ষেত্রে। ক্রেডিট ইউনিয়নগুলোকে এখন এক্সেলসিয়র লিঙ্ক প্রোগ্রামে অংশগ্রহণ করার সুযোগ করে দেয়া কর্মসূচিটিকে আমাদের কঠোর-পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য - বিশেষত আমাদের ক্ষুদ্র ব্যবসার মালিকদের জন্য, যাদের এখন আগের যেকোনো সময়ের চেয়ে আমাদের সহায়তা সবচেয়ে বেশি প্রয়োজন, আরো বেশি অ্যাক্সেসযোগ্য করে তুলবে। এই বিলে স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করার মাধ্যমে পরিস্থিতিকে সবার জন্য আরো বেশি ন্যায়সঙ্গত করে তোলায় গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। সর্বদা উন্নয়নমুখী।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418